সফটওয়্যারের কারুকাজ

রেজাল্ট শীট

টার্বো সি++ এ করা প্রোগ্রামটি রান করালে প্রথমে ছাত্রের নাম, রোল, প্রতি সাবজেক্টে প্রাপ্ত নম্বর ইনপুট করলে তাদের প্রাপ্ত গ্রেড, মেরিট পজিশন, গড় নম্বর ও সার্বিক পারফরমেন্স দেখাবে।

```
#include<stdio.h>
#include<conio.h>
struct{ char name[20];
int roll,sub1,sub2,sub3,total;
float avg;
char grade;
} x[100],y[100],t;
int input();
int output(int );
void main()
{ char choice;
 int g=0,grand=0,failure=0,pass=0;
 float passing=0;
 clrscr();
 printf("\n\nThis program performs result of examinations.");
 do{printf("\n (i) for input, (o) for output & (e) for exit.");
choice=getche();
 switch(choice)
 { case 'i':
grand=input();break;
case 'o':
clrscr();
failure=output(grand);
printf("\n\n\tPress 's' to see the overall result.\n");break;
default:
if(choice!='e')
printf("\n You have pressed a invalid key.Please observe the options.");
}
}while(choice!='e');
 getch();
 grand++;
pass=g-(failure+1);
passing=(float) ( ( (float)pass / (float)g )*100 );
printf("\n\n\tHere is a chart for overall performance.\n");
printf("\n---------------------------------------------------------------------");
printf("\nTotal\t | \tPassed\t | \tFailure\t | \tPassing(%) |");
printf("\n---------------------------------------------------------------------");
printf("\n %d\t | \t%d\t | \t%d\t | \t%.2f%    |",g,pass,failure+1,passing);
printf("\n---------------------------------------------------------------------");
printf("\n\n\tEnd of progming.");
getch();
 }
 int input()
 { int i=1 ,j=0;
  while(i!=0){ printf("\n\nEnter your tasks: ");
  printf("\nName-> ");
 scanf("%s",x[j].name);
 printf("\nRoll-> ");
 scanf("%d",&x[j].roll);
 printf("Mark(sub1)->");
 scanf("%d",&x[j].sub1);
 printf("Mark(sub2)->");
 scanf("%d",&x[j].sub2);
 printf("Mark(sub3)->");
 scanf("%d",&x[j].sub3);
 printf("\nTo quit press 0.");
 scanf("%d",&i); i++;
 } return i-1;
 }
 int output(int r)
 {      int i,n=0,a=0,k=0,j=0;
for(i=0;i<=r;i++)
 if((x[i].sub1<33)||(x[i].sub2<33)||(x[i].sub3<33)
 | y[n]=x[i];
y[n].total=y[n].sub1+y[n].sub2+y[n].sub3;
y[n].avg=(float)(y[n].total/3);
y[n].grade='E';
x[i].grade='E'; n++;}
else
 { a[i].total=x[i].sub1+x[i].sub2+x[i].sub3;
x[i].avg=(float)(x[i].total/3;
if(x[i].avg>=80)
x[i].grade='A';
else if(x[i].avg>=70 && x[i].avg<80)
x[i].grade='B';
else if(x[i].avg>=40 && x[i].avg<70)
x[i].grade='C';
else if(x[i].avg>=33 && x[i].avg<40)
x[i].grade='D';
 } n=-1;
printf("\n\nHere is a chart for result\n");
printf("\n---------------------------------------------------------------------");
printf("\nNAME\t | \tROLL  | TOTAL | AVERAGE(%)|  GRADE  |");
printf("\n---------------------------------------------------------------------");
for(i=0;i<=n;n++)
```

```
{printf("\n%d\t | %d | %d | %d | %c",x[i].name,x[i].roll,x[i].total,x[i].avg,x[i].grade);
printf("\n---------------------------------------------------------------------");
 k++;
for(i=0;k<=k;i++)
for(j=i+1;k<=k;j++)
if(x[i].avg<x[j].avg)
{ t=x[i];
x[i]=x[j];
x[j]=t;}
printf("\n\n\tHere is the grand result.\n");
printf("\n---------------------------------------------------------------------");
printf("\nNAME\t | \tROLL  | TOTAL | AVERAGE(%)|  GRADE  | POSITION |");
printf("\n---------------------------------------------------------------------");
for(i=0;k<=k;i++)
 if(x[i].grade!='E')
{printf("\n%s\t | %d | %d | %c | %d |",x[i].name,x[i].roll,x[i].total,x[i].avg,x[i].grade,j+1);
printf("\n---------------------------------------------------------------------");}
 return a;
}
```

আশিকুর রহমান রিয়াদ
গোড়ান, ঢাকা।

মশা তাড়ানোর প্রোগ্রাম

কিউবেসিকে করা প্রোগ্রামটি রান করিয়ে সময়ের মান বসালে আউটপুট হিসেবে শব্দ তরঙ্গ সৃষ্টি হবে যা মশাকে তাড়াতে সাহায্য করবে।

```
SCREEN 9
COLOR 10, 1
SLEEP 1: BEEP: LINE (50, 35)-(590, 315), 13, BF
SLEEP 1: BEEP: LOCATE 6, 28
PRINT ; "....Mosquito hunter....."
SLEEP 1: BEEP: LOCATE 8, 13
PRINT ; " Duration should be more than 6 (min)."
SLEEP 1: BEEP: LOCATE 10, 13
INPUT ; " Please enter duration(min):", MIN
M = MIN * 60 * 18.2
FOR I = 900 TO 5000 STEP 50
SOUND I, 1: NEXT
FOR I = 5000 TO 20000 STEP 200
SOUND I, 1: NEXT
SLEEP 1: BEEP: LOCATE 12, 13
PRINT " Mosquitoes are leaving your room."
SLEEP 1: BEEP: LOCATE 14, 13
PRINT " PLEASE WAIT "; MIN; " minutes..."
T$ = TIME$: Hr = VAL(T$)
IF Hr < 12 THEN Ampm$ = " AM" ELSE Ampm$ = " PM"
IF Hr > 12 THEN Hr = Hr - 12
LOCATE 14, 45
PRINT " Starting time "; STR$(Hr); RIGHT$(T$, 6); Ampm$
SLEEP 1: SOUND 20037, M
X = MIN * 60
FOR N = 1 TO X
T$ = TIME$: Hr = VAL(T$)
IF Hr < 12 THEN Ampm$ = " AM" ELSE Ampm$ = " PM"
IF Hr > 12 THEN Hr = Hr - 12
LOCATE 16, 45
PRINT " Present time  "; STR$(Hr); RIGHT$(T$, 6); Ampm$
SLEEP 1: NEXT N
BEEP: LOCATE 16, 13
PRINT " Good-by mosquitoes."
SLEEP 1: BEEP: LOCATE 19, 36
PRINT "      ...Tanweer(BUET)..."
SLEEP 1: BEEP: LOCATE 20, 36
PRINT " Dept : Naval Arc.& Marine Eng.   "
PRINT " Phone no.9127749 ; Stu.no.92120O5 "
DO WHILE INKEY$ = "": LOOP
END
```

তানভীর
পলাশী, ঢাকা।

এমএস ওয়ার্ডের কয়েকটি টিপ্স

যারা এমএস ওয়ার্ড ৯৭ ব্যবহার করছেন তাদের কাজের সুবিধার্থে কয়েকটি টিপ্স নিচে উল্লেখ করা হলো। যা প্রয়োজনে অত্যন্ত সহায়ক হবে।

টুলবারে প্রয়োজনীয় টুল আইকন স্থাপন

Insert>Object>Equation 3.0 > OK তে ক্লিক করলে Equation Editor আসবে। এসব ঝামেলা থেকে রেহাই পাওয়ার জন্য ইকুয়েশন টুলটি স্ট্যান্ডার্ড টুলবারে স্থাপন করার লক্ষ্যে Tools>Customize> Commands এ ক্লিক করতে হবে। Categories থেকে ইনসার্টে ক্লিক করে কমান্ডস থেকে ইকুয়েশন ৩.৩ সিলেক্ট করে ড্রাগ করে স্ট্যান্ডার্ড টুলবারের নির্দিষ্ট জায়গায় ছেড়ে দিতে হবে। এখন এই টুলটিতে ক্লিক করলে ইকুয়েশন এডিটর আসবে।

কাস্টম টুলবার তৈরি

প্রয়োজনীয় কাজসমূহ করার জন্য বিভিন্ন টুলস্ নিয়ে একটি নতুন টুলবার তৈরির জন্য Tools>Customize>Toolbar এ ক্লিক করে New তে ক্লিক করতে হবে। নতুন টুলবারটির জন্য নাম টাইপ করে OK-তে ক্লিক করলে টুলবারটি পর্দায় দেখা যাবে। কমান্ডস ট্যাব-এ ক্লিক করে ক্যাটাগরিস থেকে মেনু সিলেক্ট করে এবং কমান্ডস থেকে প্রয়োজনীয় সাব-মেনু সিলেক্টের পর ড্রাগ করে ঐ নতুন টুলবারে ছেড়ে দিতে হবে। এভাবে প্রয়োজনীয় টুলসমূহ স্থাপন করে ক্লোজ এ ক্লিক করতে হবে।

কাস্টম মেনু আইটেম তৈরি

আপনার প্রয়োজনীয় বিভিন্ন কমান্ডসমূহ নিয়ে একটি মেনু তৈরি করার জন্য Tools>Customize>Commands এ ক্লিক করতে হবে। তারপর ক্যাটাগরিস থেকে New Menu সিলেক্ট করে কমান্ড থেকে নিউ মেনু ড্রাগ করে মেনুবারের নির্দিষ্ট স্থানে ছেড়ে দিতে হবে। এরপর Modify Selection এ ক্লিক করে Name বক্সে নতুন মেনুর জন্য নাম টাইপ করে এন্টার চাপতে হবে। ক্যাটাগরিস থেকে বিভিন্ন মেনু সিলেক্ট করে এবং কমান্ডস থেকে প্রয়োজনীয় সাব-মেনু সিলেক্টের পর ড্রাগ করে ঐ নতুন মেনুতে ছেড়ে দিতে হবে। এভাবে প্রয়োজনীয় কমান্ডসমূহ ড্রাগ করা অংশে নিয়ে ক্লোজে ক্লিক করতে হবে।

মেনু আইটেম হারিয়ে গেলে তা পুনরুদ্ধার

ধরুন, আপনি এমএসওয়ার্ড রান করে দেখতে পেলেন ফাইল মেনুটি নেই (Alt Key চেপে ধরে যেকোন মেনু ড্রাগ করে বাইরে ছেড়ে দিলে মেনুটি চলে যাবে)। এটি রিস্টোর করার জন্য Tools>Customize>Commands এ ক্লিক করতে হবে। তারপর ক্যাটাগরিস থেকে Built-in Menus সিলেক্ট করে কমান্ডস থেকে ফাইল সিলেক্ট করে ড্রাগ করে নিয়ে এডিট মেনুর আগে ছেড়ে দিতে হবে। তারপর ক্লোজে ক্লিক করতে হবে।

মোহাম্মদ মাহবুল আলম
ঢাকা।

কারুকাজ বিভাগের জন্য লেখা আহ্বান

দেশের তরুণ প্রোগ্রামারদের উৎসাহিত করা এবং কমপিউটার ব্যবহারকারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মাসিক কমপিউটার জগৎ-এর উদ্যোগে প্রতি মাসে কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম, সফটওয়্যার টিপস্ ইত্যাদি আহ্বান করা হচ্ছে। লেখা এক কলামের মধ্যে হলে ভাল। প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি ও সফট কপি দিতে হবে। অনেক প্রোগ্রাম সফট কপি না পাঠানোর জন্য বিবেচনায় আনা হয়নি। পরবর্তীতে সফট কপি পাঠালে প্রতিযোগিতায় বিবেচনা করা হবে। ফ্লপি ডিস্ক সরাসরি বা কুরিয়ার মারফত এমনভাবে পাঠাতে হবে যেন সেটি নষ্ট না হয়।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপস্-এর লেখকদের যথাক্রমে ১,০০০ টাকা, ৮৫০ টাকা ও ৭০০ টাকা পুরস্কার হিসেবে প্রদান করা হবে। এ ছাড়াও কোন প্রোগ্রাম বা টিপস্ মানসম্মত বিবেচিত হলে তা প্রকাশ করে প্রচলিত হারে সম্মানী দেয়া হবে। উল্লেখ্য যে, ফক্সপ্রোর টিপস্/প্রোগ্রাম গ্রহণযোগ্য নয়।

আগস্ট সংখ্যার প্রোগ্রাম/টিপস্-এর জন্য ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী হিসেবে যথাক্রমে আশিকুর রহমান রিয়াদ, তানভীর এবং মোহাম্মদ মাহবুল আলমকে নির্বাচিত করা হয়েছে। তাদেরকে যথাক্রমে ১,০০০/= টাকা, ৮৫০/= টাকা এবং ৭০০/= টাকা পুরস্কার প্রদান করা হবে।